

**শেরে বাংলা মেডিক্যাল
কলেজের আন্তর্জাতিক
স্বীকৃতি বাতিলের
আশংকা**

মাইনুল হাসান ॥ বই কাঠখড়
পোড়াইয়া বরিশাল শেরে বাংলা
মেডিকেল কলেজ ও হাসপাতাল
ব্রিটিশ জেনারেল মেডিকেল কাউন্সিলের
স্বীকৃতি লাভ করিয়াছিল। ৫
বৎসর মেয়াদী এ সদস্যপদ ১৯৯৯
শেষ সনে হইবে। জি, এম, সি'র
অনুমোদনসাপেক্ষে সদস্যপদ নবায়ন
(২য় পৃ: ৩-এর ক: ৫:)

শেরেবাংলা মেডিকেল কলেজ

(১ম পৃ: পর)
য়ন হয়। এ কারণে কাউন্সিলের
প্রতিনিধিদল আগামী বছরের মাঝা-
মাঝি এই কলেজ ও হাসপাতাল
পরিদর্শনে আসিবে। কিন্তু বামেলা
বাধাইয়াছে স্বাস্থ্য মন্ত্রণালয়। তাহা-
দের এক নির্দেশের ফলে বরিশাল
মেডিকেল কলেজের সদস্যপদ চির-
তরে খোয়া যাওয়ার উপক্রম
হইয়াছে।

জি, এম, সি'র সদস্যপদ লাভের
অন্যতম পূর্বশর্ত হইতেছে হাসপা-
তালে ৭৫০ শয্যা থাকিতে হইবে।
এই হাসপাতালে শয্যা রহিয়াছে
৫০০ এতদিন সদর হাসপাতাল এই
মেডিকেল কলেজ হাসপাতালের
আওতাধীন ছিল। অতি সম্প্রতি উহা

সিভিল সার্জনের নিকট হস্তান্তর করা
হইয়াছে। ফলে মেডিকেল কলেজ
হাসপাতালের শয্যা সংখ্যা হ্রাস
পাইয়াছে। এই পর্যায় কাউন্সিলের
প্রতিনিধিদল পরিদর্শনে আসিলে
সদস্য পদ নবায়ন হইবে না। কি
কারণে সদর হাসপাতাল সিভিল
সার্জনের নিকট হস্তান্তর হইল
তাহা এখনও জানা যায় নাই।

এদিকে সদস্যপদ নবায়ন না
হইলে এই কলেজ ও হাসপাতালের
শিক্ষক ও চিকিৎসক বিদেশে স্কলার-
শীপ ও কেলোশীপ লাভের সুযোগ
পাইবেন না। এই প্রতিষ্ঠানের আন্ত-
র্জাতিক কোন স্বীকৃতি থাকিবে না।
বিএমএ জেলা শাখা ও কলেজের
ছাত্র-ছাত্রীরা মন্ত্রণালয়ের নির্দেশে
ক্ষুব্ধ।